পাকিস্তানকে পরামর্শ কূটনীতিক হাক্কানির

ইসলামাবাদ, ১৫ এপ্রিল ঃ পাকিস্তানকে যুদ্ধবাজ রাষ্ট্র না হওয়ার পরামর্শ দিয়েছেন প্রাক্তন পাক কূটনীতিক হুসেন হাক্কানি। ২০০৮ থেকে ২০১১ সাল পর্যন্ত তিনি আমেরিকায় পাকিস্তানের রাষ্ট্রদূত ছিলেন। আব্বাসি সরকারের উদ্দেশ্যে তাঁর আবেদন, পাকিস্তানকে যেন চিন ব্যবহার করতে না পারে। একটা সময় আমেরিকার উপর নির্ভরশীল ছিল পাকিস্তান। সন্ত্রাস ইশ্যুতে সেদেশের সরকার যথার্থ পদক্ষেপ না করায় পাকিস্তানের দিক থেকে মুখ ঘুরিয়ে নেয় মার্কিন যুক্তরাষ্ট্র। আর্থিক সাহায্যের পরিমাণ কমাতে কমাতে এখন প্রায় বন্ধ করে দেওয়ার মুখে। পাকিস্তান এখন চিনের দিকে ঝুঁকেছে। পাকিস্তানকে নিজের উপর নির্ভর করে আর্থিক বুনিয়াদ শক্ত করে তোলার পরামর্শ দিয়েছেন হুসেন হাক্কানি। তিনি বলেছেন, বৃহৎ শক্তির দিকে ঝুঁকে পড়ার যে স্বভাব পাকিস্তানের রয়েছে, তা পরিহার করে আত্মনির্ভরতা বাড়াতে হবে। তাঁর লেখা 'পাকিস্তান বিটুইন মস্ক অ্যান্ড মিলিটারি অ্যান্ড ইন্ডিয়া ভার্সের পাকিস্তান ঃ হোয়াই কান্ট উই জাস্ট বি ফ্রেন্ড' বইটির প্রকাশ অনুষ্ঠানে যোগ দিতে সম্প্রতি ভারতে এসেছিলেন বিশিষ্ট পাক কূটনীতিক হাক্কানি। সংবাদ সংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, 'কেন বেজিংয়ের উপর ইসলামাবাদ নির্ভরশীল হবে। বৃহৎ শক্তিদের দাবার খুঁটি হয়ে ওঠায় পাকিস্তানের নির্ভরশীলতা বেড়েছে। এরকম চলতে থাকলে ভবিষ্যৎ আরও অন্ধকার।' বিভিন্ন দেশের সঙ্গে পাকিস্তানের সহযোগিতা বাড়ানোর উপর জোর দিয়েছেন তিনি।

নওয়াজ মামলার বিচারপতির বাড়িতে হামলা

লাহোর, ১৫ এপ্রিল ঃ দুর্নীতির অভিযোগে নওয়াজ শরিফকে প্রধানমন্ত্রী পদের অযোগ্য ঘোষণাকারী বিচারপতির বাড়ি লক্ষ করে গুলি চালাল অজ্ঞাতপরিচয় বন্দুকবাজরা। রবিবার লাহোরে পাক সুপ্রিমকোর্টের বিচারপতি ইজাজ–উল–এহসানের বাড়িতে হামলা হয় বলে অভিযোগ। হামলার কড়া সমালোচনা করেছে পাকিস্তানের সুপ্রিমকোর্ট। আদালতের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, রবিবার বিচারপতি এহসানের বাড়ির উপর দু–বার হামলা হয়। ঘটনায় পাঞ্জাব পুলিশের আইজি–কে সমন পাঠিয়েছেন সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি মিয়াঁ সাকিব নাসির। এদিন আক্রান্ত বিচারপতির বাড়িতে গিয়ে তাঁর সঙ্গে কথা বলেন সাকিব। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। হামলার নিন্দা করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী সঈদ খক্কন আব্বাসি, পাক পাঞ্জাবের মুখ্যমন্ত্রী শাহবাজ শরিফ ও পাকিস্তান পিপলস পার্টির সভাপতি আসিফ আলি জারদারি। এদিনের হামলাকে বিচারব্যবস্থা ও গণতন্ত্রের উপর হামলা বলে দাবি করেছেন পাকিস্তান তেহরিক–ই–ইনসাফের প্রধান ইমরান খান। পাঞ্জাব পুলিশের মুখপাত্র নায়েব হায়দার জানান, বিচারপতির বাড়ির দরজায় দুটি বুলেটের চিহ্ন মিলেছে। এছাড়া রান্নাঘরের দরজাতেও একটি বুলেট আঘাত করেছে। হামলাকারীদের চিহ্নিত করার চেষ্টা করছে পুলিশ। তবে বিচারপতির পরিবারের সদস্যরা নিরাপদে রয়েছেন। হামলার পর এহসানের নিরাপত্তা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

'রাজ কাপুর' পুরস্কার পাচ্ছেন ধর্মেন্দ্র

মুম্বই, ১৫ এপ্রিল ঃ বলিউডের প্রবীণ অভিনেতা ধর্মেন্দ্রকে বিশেষ সম্মানে ভূষিত করতে চলেছে মহারাষ্ট্র সরকার। 'রাজ কাপুর লাইফটাইম অ্যাচিভমেন্ট' পুরস্কারের জন্য ধর্মেন্দ্রকে মনোনীত করা হয়েছে। এছাড়া 'রাজ কাপুর স্পেশাল কন্ট্রিবিউশন' পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন পরিচালক রাজকুমার হিরানি। রাজ্য সরকারের তরফে রবিবার সকালে টুইট করে খবরটি জানান মহারাষ্ট্রের শিক্ষা ও সংস্কৃতিমন্ত্রী বিনোদ তাওদে। বলিউডের পাশাপাশি মারাঠি সিনে জগতের এক অভিনেতা ও অভিনেত্রীকেও সম্মানিত করতে চলেছে মহারাষ্ট্র সরকার। বিনোদ তাওদে তাঁর টুইটে জানান, প্রবীণ মারাঠি অভিনেতা বিজয় চৌহান এবং অভিনেত্রী তথা পরিচালক মৃণাল কুলকার্নিকেও বিশেষ পুরস্কারে সম্মানিত করা হবে। 'চিত্রপতি ভি সান্তারাম জিভাংগৌরব পুরস্কার'–এর জন্য বিজয় চৌহান এবং 'চিত্রপতি ভি সান্তারাম বিশেষ যোগদান পুরস্কার' প্রাপক হিসাবে মৃণাল কুলকার্নির নাম ঘোষণা করা হয়েছে।

গণধর্ষণ নিয়ে দেশজোড়া বিতর্কের মধ্যেই প্রাকৃতিক সৌন্দর্যে সেজে উঠেছে কাশ্মীর। শ্রীনগরে পিটিআইয়ের তোলা ছবি।

দলিত ইশ্যুতে অর্ডিন্যান্সের ভাবনা

নয়াদিল্লি, ১৫ এপ্রিল ঃ তপশিলি জাতি এবং উপজাতি আইন নিয়ে সুপ্রিমকোর্টের রায় পুনর্মূল্যায়নের আর্জি আগেই জানানো হয়েছে। এবার দলিত বিক্ষোভের আগুনে জল ঢালতে ওই আইনকে আরও কঠোর করতে চায় মোদি সরকার। আর সেই কঠোর করার প্রক্রিয়ায় অর্ডিন্যান্স জারি করে এগোনোর পক্ষপাতী কেন্দ্র।

কেন্দ্রের একটি সূত্র জানিয়েছে, এসসি, এসটি প্রিভেনশন অফ অ্যাট্রোসিটিস আইন সুপ্রিমকোর্টের সাম্প্রতিক রায়ে অনেকটাই লঘু হয়ে গিয়েছে। এই আইনকে দলিতদের অন্যতম প্রধান হাতিয়ারে পরিণত করতে এর পুরোনো ধারাগুলি নতুন করে কার্যকর করতে চাইছে কেন্দ্র। তা করার জন্য অর্ডিন্যান্স আনতে পারে মোদি সরকার। সংসদের আগামী বাদল অধিবেশনে এই অর্ডিন্যান্সটি আনা হতে পারে বলে জানা গিয়েছে। তবে অর্ডিন্যান্স ছাড়াও একটি সংশোধনী এনে পুরোনো আইনে কঠোর ধারাগুলি নতুন করে অন্তর্ভুক্ত করার পথও খোলা রাখতে চাইছে কেন্দ্র।

এক শীর্ষ আধিকারিকের মতে, অর্ডিন্যান্স যদি আনা হয়, তাহলে সেক্ষেত্রেও ওই অর্ডিন্যান্সকে একটি বিলে রূপান্তরিত করতে হবে এবং সংসদে পাস করাতে হবে। সংশোধনী এবং অর্ডিন্যান্সের যে ভাবনা শুরু হয়েছে তার উদ্দেশ্য একই –এসসি, এসটি আইনে কঠোরতা বজায় রাখা। তবে অর্ডিন্যান্স যদি আনা হয় তাহলে তার প্রভাব দ্রুত পড়বে। সেক্ষেত্রে দেশজুড়ে যে কেন্দ্র বিরোধী দলিত বিক্ষোভের আগুন জ্বলে উঠেছে তা নেভাতে অনেকটাই কার্যকর হবে ওই অর্ডিন্যান্স। গত শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আশ্বাস দেন, তপশিলি জাতি এবং উপজাতিদের উপর অত্যাচার দমন আইন কোনোভাবেই লঘু হতে দেবে না তাঁর সরকার। প্রধানমন্ত্রী এই আশ্বাস দিলেও অর্ডিন্যান্স বা সংশোধনী আনার ব্যাপারে এখনও পর্যন্ত কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানা গিয়েছে। সূত্রের খবর, কেন্দ্রীয় সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন মন্ত্রক সুপ্রিমকোর্টে যে রিভিউ পিটিশনটি করেছে তার শুনানির দিকে নজর রেখে পদক্ষেপ করতে চাইছে কেন্দ্র। সুপ্রিমকোর্টের রায়কে ঘিরে ইতিমধ্যেই অসন্তোষের আবহ তৈরি হয়েছে দলিত সমাজে। কেন্দ্রের টালবাহানার কারণে দলিতরা রীতিমতো ক্ষুব্ধ। কংগ্রেস, বসপা সহ বিরোধী দলগুলি দলিত ইশ্যুতে ইতিমধ্যেই কেন্দ্রকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে। লোকসভা ভোটের আগে তাই দলিত ইশ্যুতে নিজেদের অবস্থান মজবুত করাই একমাত্র লক্ষ্য মোদি সরকারের।

চিন-পাকিস্তান নিয়ে সেনাকর্তাদের সঙ্গে বৈঠকে বসছেন রাওয়াত

নয়াদিল্লি, ১৫ এপ্রিল ঃ চিন ও পাকিস্তান সীমান্তের পরিস্থিতি খতিয়ে দেখতে শীর্ষ সেনাকর্তাদের সঙ্গে বৈঠকে বসছেন সেনাপ্রধান বিপিন রাওয়াত। সোমবার থেকে বৈঠকটি শুরু হওয়ার কথা। সেনাবাহিনীর একজন আধিকারিক জানান, পাকিস্তান নিয়ে আলোচনা হলেও ৬ দিন ধরে চলা বৈঠকে গুরুত্ব পাবে চিন–ভারত সীমান্ত পরিস্থিতি। ডোকালাম সংঘাতের পর থেকে দুই দেশই সীমান্ত এলাকায় নিজেদের অবস্থানকে মজবুত করার চেষ্টা করছে। বিতর্কিত এলাকা থেকে সরে গেলেও ডোকালামের একাংশে এখনও মোতায়েন রয়েছে চিনের সেনাবাহিনী। সিকিম ও অরুণাচল সীমান্ত জুড়ে তারা ব্যাপক পরিকাঠামো তৈরি করেছে। এই পরিস্থিতিতে ভারতীয় সেনার প্রস্তুতি খতিয়ে দেখবেন সেনাপ্রধান।

সেনাবাহিনীর জনসংযোগ আধিকারিক কর্নেল আমন আনন্দ জানিয়েছেন, ভারতের উত্তর সীমান্তে সেনাবাহিনীর অবস্থান নিয়ে বৈঠকে আলোচনা হবে। প্রতিবেশী দেশগুলির সঙ্গে সীমান্ত সংঘাতের পরিস্থিতিতে সেনাবাহিনীর রণকৌশল সহ বিভিন্ন বিষয় সম্পর্কে বাহিনীর পদস্থ আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করবেন বিপিন রাওয়াত। তিনি আরও বলেন, গত কয়েকবছর ধরে সীমান্ত এলাকায় পরিকাঠামো উন্নয়নকে গুরুত্ব দিচ্ছে সেনাবাহিনী। চিন ও পাকিস্তান সীমান্তের গুরুত্বপূর্ণ অংশগুলির সঙ্গে দেশের মূল ভূখণ্ডকে যুক্ত করা হচ্ছে। সড়কপথের পাশাপাশি কিছু এলাকায় রেলপথ সম্প্রসারণের কাজ চলছে। বৈঠকে বর্ডার রোড অর্গানাইজেশনের আওতায় থাকা প্রকল্পগুলির অগ্রগতি খতিয়ে দেখা হবে। সূত্রের খবর, চিন–পাকিস্তান সীমান্ত পরিস্থিতি ছাড়াও জম্মু–কাশ্মীরের বর্তমান পরিস্থিতি নিয়েও আলোচনা হতে পারে। পুলিশ ও আধাসামরিক বাহিনীকে সঙ্গে নিয়ে উপত্যকায় সন্ত্রাসবাদী গোষ্ঠীগুলির বিরুদ্ধে অভিযান চালাচ্ছে ভারতীয় সেনা। গত কয়েকমাসে সেনা–জঙ্গি সংঘর্ষে বেশ কয়েকজন সন্ত্রাসবাদীর মৃত্যু হয়েছে। উপত্যকায় সক্রিয় সন্ত্রাসবাদীদের অনেকটাই কোণঠাসা করা সম্ভব হয়েছে বলে মনে করছে সেনাবাহিনী। বৈঠকে সেনাপ্রধানের উপস্থিতিতে কাশ্মীরের পরিস্থিতি ব্যাখ্যা করবেন সংশ্লিষ্ট সেনা আধিকারিকরা।

ডেটিং সাইটে ৬০ লক্ষ টাকার প্রতারণা

বেঙ্গালুরু, ১৫ এপ্রিল ঃ 'ডেটিং সাইট'–এর মাধ্যমে পরিচয়। তারপর হোয়াটসঅ্যাপে বন্ধুত্ব। ৩৪ বছর বয়সি সতীশ কুমার (নাম পরিবর্তিত) ভাবতে পারেননি অনলাইনের এই বান্ধবী আসলে প্রতারণার জাল পেতে বসে আছেন। নিজের অজান্তে সেই ফাঁদে পা দিয়ে ৬০ লক্ষ টাকা খুইয়েছেন বেঙ্গালুরুর ব্যবসায়ী সুরেশ কুমার। অনলাইনে পরিচিত বন্ধুর মাধ্যমে প্রতারণার ঘটনা অবশ্য নতুন নয়। ইদানীং ডেটিং সাইট, ম্যাট্রিমোনিয়াল সাইটের মাধ্যমে বহু মানুষ প্রতারণার শিকার হচ্ছে বলে জানান বেঙ্গালুরুর সাইবার পুলিশের এক আধিকারিক।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতবছরের ১৮ জুলাই ডেটিং সাইট–এর মাধ্যমে সুরেশবাবুর সঙ্গে এক মহিলার পরিচয় হয়। ওই মহিলার আইডি ছিল শম্পা ৭৬। যদিও তিনি নিজেকে কলকাতার বাসিন্দা অর্পিতা বলে পরিচয় দেন। ডেটিং সাইট–এর মাধ্যমেই অর্পিতা এবং সুরেশের মধ্যে দীর্ঘ কথোপকথন হয় এবং দুজনের মধ্যে মোবাইল নম্বর লেনদেন হয়। হোয়াটসঅ্যাপের মাধ্যমে এঁদের বন্ধুত্ব গাঢ় হয় এবং পরস্পরের ছবি বিনিময় হয়। এরপর একদিন হোয়াটসঅ্যাপে সুরেশকে অর্পিতা জানান, তাঁর বাবা গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভরতি হয়েছেন। তাঁর চিকিৎসার জন্য ৩০ হাজার টাকা প্রয়োজন। বান্ধবীর এই সমস্যা শুনে স্থির থাকতে পারেননি সুরেশবাবু। তিনি নিজের ব্যাংক অ্যাকাউন্ট থেকে অর্পিতার দেওয়া একটি অ্যাকাউন্ট নম্বরে ৩০ হাজার টাকা ফেলেন। এর কয়েকদিন পর অর্পিতা জানান, তাঁর বাবাকে কলকাতার বিএম বিড়লা হাসপাতালে ভরতি করা হয়েছে। তাঁর চিকিৎসার জন্য আরও টাকার প্রয়োজন। সুরেশবাবু ফের টাকা দেন। তিনি অর্পিতার কথামতো ২০১৭–র ১৫ ডিসেম্বর নিজের অ্যাকাউন্ট থেকে রুপালি মজুমদার নামে একজনের অ্যাকাউন্টে ১৯ লক্ষ টাকা এবং ২৩ ডিসেম্বর কুষাণ মজুমদার নামে আর একজনের অ্যাকাউন্টে ৪০.৭ লক্ষ টাকা ফেলেন। এর কিছুদিন পর থেকেই সুরেশবাবুর সঙ্গে কথাবার্তা বলা বন্ধ করে দেন অর্পিতা। ফোনও ধরতেন না। এর কারণ প্রথমদিকে বুঝতে পারেননি সুরেশবাবু। কিন্তু মাসতিনেক পরেও অর্পিতা যোগাযোগ না করায় সুরেশবাবু বুঝতে পারেন, তিনি প্রতারিত হয়েছেন। তাই প্রতারককে শাস্তি দিতে সম্প্রতি সাইবার পুলিশের দ্বারস্থ হন বেঙ্গালুরুর এই ব্যবসায়ী।

তামিল নববর্ষের অনুষ্ঠানে নৃত্যশিল্পীরা। – পিটিআই

'সংবিধান বাঁচাও' প্রচারে নামছেন রাহুল

নয়াদিল্লি, ১৫ এপ্রিল ঃ দেশজুড়ে দলিতদের উপর আক্রমণের প্রতিবাদে আগামী ২৩ এপ্রিল 'সংবিধান বাঁচাও' প্রচারে নামছেন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি। দলের সংসদ, বিধানসভা, জেলা পরিষদ, পুরসভায় কংগ্রেসের প্রাক্তন ও বর্তমান দলিত সদস্যরা তাঁর ওই কর্মসূচিতে যোগ দেবেন। নয়াদিল্লির তালকাটোরা স্টেডিয়ামে 'সংবিধান বাঁচাও' কর্মসূচি পালিত হবে। কংগ্রেসের ছাত্র, যুব, মহিলা সংগঠনের পাশাপাশি প্রদেশ নেতৃত্বও ওই অনুষ্ঠানে হাজির থাকবেন। ওই অনুষ্ঠানের মূল উদ্যোক্তা তথা কংগ্রেসের তপশিলি জাতি শাখার প্রধান নীতিন রাউত বলেন, 'বিজেপি জমানায় দেশের সংবিধানের উপর আক্রমণ নেমে এসেছে। দলিতদের শিক্ষার সুযোগ নেই, কাজের সুযোগ নেই। তাদের ক্ষোভ প্রতিনিয়ত বাড়ছে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সমালোচনা করে রাউত বলেন, 'উনি যদি দলিত আইকন বিআর আম্বেদকারের কারণেই প্রধানমন্ত্রী হয়ে থাকেন তাহলে ওঁর জমানায় দলিতদের উপর অত্যাচার চলছে কেন? কেন সংবিধানের উপর আঘাত নেমে আসছে?'

চিনের সাহায্য চাইল ভারত

নয়াদিল্লি, ১৫ এপ্রিল ঃ জাপানের সঙ্গে হাত মিলিয়ে ভারত বুলেট ট্রেন প্রকল্পের কাজ শুরু করায় মনঃক্ষুণ্ণ হয়েছিল চিন। এবার বেঙ্গালুরু–চেন্নাই ট্রেন করিডর গড়তে বেজিংয়ের সাহায্য চাইল নয়াদিল্লি। এর পাশাপাশি আগ্রা ও ঝাঁসি রেলস্টেশন সংস্কারের কাজেও চিনকে পাশে পেতে আগ্রহী ভারত। বেঙ্গালুরু–চেন্নাই ট্রেন করিডরে ঘণ্টায় দেড়শো কিলোমিটার বেগে ছুটবে ট্রেন। চিন গোড়ায় বেঙ্গালুরু–চেন্নাই রুটে দ্রুতগতিতে ট্রেন চালানোর সম্ভাবনা খতিয়ে দেখেছিল। কিন্তু আমেদাবাদ–মুম্বই রুটে বুলেট ট্রেন চালানোর বরাত জাপান পাওয়ায় এদেশের পরিকাঠামো নির্মাণের ব্যাপারে আর খুব একটা আগ্রহ দেখায়নি চিন। সম্প্রতি চিনের ন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যান্ড রিফর্ম কমিশনের চেয়ারম্যান হি লিফেংয়ের নেতৃত্বাধীন এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে বসেন নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান রবি কুমারের নেতৃত্বাধীন প্রতিনিধিদল। দু–দেশের মধ্যে ওই স্ট্র্যাটেজিক ইকোনমিক ডায়লগে বেঙ্গালুরু–চেন্নাই করিডর নিয়ে আলোচনা হলেও চিনের তরফে এখনও কোনো জবাব আসেনি।

সিবিআই তদন্ত চাইছে না পরিবার

নিজের গ্রামে মাটি পেল না কাঠুয়ার নির্যাতিতা

জম্মু, ১৫ এপ্রিল ঃ কাঠুয়া গণধর্ষণের প্রতিবাদে সরব আসমুদ্র হিমাচল। সোশ্যাল মিডিয়া থেকে রাজপথ, সর্বত্রই সরব প্রতিবাদে নেমেছে সাধারণ মানুষ। কাঠুয়া গণধর্ষণ ঘিরে বিতর্ক অবশ্য থামার নাম নিচ্ছে না। ৮ বছরের শিশুকে কবর দেওয়াকে কেন্দ্র করে যা নতুন মাত্রা পেয়েছে। রবিবার আসিফাকে রাসানা গ্রামে বাড়ির কাছেই কবর দেওয়ার ব্যবস্থা করেছিলেন তাঁর আত্মীয়রা। তাঁদের বাধা দেয় গ্রামবাসীদের একাংশ। যে জমিতে নির্যাতিতাকে কবর দেওয়া হচ্ছিল সেটি তাঁর পালক বাবার নয় বলে জানায় তাঁরা। ঘটনাকে কেন্দ্র করে রাসানায় উত্তেজনা ছড়ায়। শেষপর্যন্ত গ্রাম থেকে প্রায় ৮ কিলোমিটার দূরে নির্যাতিতাকে করব দেওয়া হয়। মেয়েটির পরিবার জানিয়েছে, গ্রামের যে জমিতে নির্যাতিতাকে কবর দেওয়া হচ্ছিল সেটি তাঁরা কয়েক বছর আগে এক হিন্দু পরিবারের কাছ থেকে কিনেছিলেন। কিন্তু জমির কাগজপত্র তৈরি করেননি। সকাল ৬টা নাগাদ নির্যাতিতাকে কবর দেওয়ার সময় কয়েকজন গ্রামবাসী এসে বলেন জমিটি তাঁদের। সেখানে কাউকে কবর দেওয়া যাবে না। নির্যাতিতার পরিবারের ঘনিষ্ঠ একজন জানিয়েছেন, নির্যাতিতার আত্মীয়দের কাছে জমির মালিকানা সংক্রান্ত কোনো কাগজপত্র রয়েছে কিনা তা জানতে চান গ্রামবাসীরা। কিন্তু মালিকানার প্রমাণ দিতে পারেনি নির্যাতিতার পরিবার। এরপর আত্মীয় ও প্রতিবেশীদের সাহায্যে নির্যাতিতার দেহ গ্রামের বাইরে একটি গম খেতের পাশে কবর দেওয়া হয়।

শিশুর আত্মীয়দের দাবি, ১০ বছর আগে জমি কিনলেও মালিকানার প্রমাণপত্র না থাকার সুযোগ নিয়েছে গ্রামবাসীদের একটি গোষ্ঠী। অন্যদিকে, নির্যাতিতার প্রতিবেশীদের বক্তব্য, কয়েক বছর ধরে রাসানা ও তার আশপাশের এলাকায় হিন্দুদের জমি দখলের চেষ্টা করছে যাযাবর বাকরওয়াল সম্প্রদায়। রোহিত খাজুরিয়া নামে এক গ্রামবাসী বলেন, 'নির্যাতিতার পরিবার রাসানায় বেআইনিভাবে জমি দখল করে রয়েছে। নির্যাতিতাকে অন্যের জমিতে জোর করে কবর দেওয়া হচ্ছিল। সেই কারণেই গ্রামবাসীরা আপত্তি জানিয়েছেন। তবে আমরাই শিশুটিকে কবর দেওয়ার বিকল্প জায়গার ব্যবস্থা করে দিয়েছি।' যেখানে নির্যাতিতাকে কবর দেওয়া হয়েছে তাঁর খুব কাছেই নির্যাতিতার পরিবারের অন্য ৩ সদস্যের সমাধি রয়েছে। গ্রামবাসীদের একাংশের আচরণে ক্ষোভ ছড়িয়েছে নির্যাতিতার আত্মীয়দের মধ্যে। তাঁর দাদুর প্রশ্ন, 'শিশুর দেহ কবর দিতে কতটুকু জায়গার প্রয়োজন হয়? যাকে ধর্ষণ করে খুন করা হয়েছে তাঁর শেষ কাজে প্রতিবেশীরা একটু সাহায্য করলে ভালো হত।' কাঠুয়া কাণ্ডের জেরে জম্মু ও কাশ্মীরের মধ্যে সম্পর্কের অবনতির আশঙ্কা করছে রাজ্য প্রশাসন। দুই এলাকাতেই কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। এদিনও উপত্যকার বিভিন্ন অংশে কাঠুয়া গণধর্ষণের প্রতিবাদে বিক্ষোভ হয়েছে। তুলনায় শান্ত ছিল জম্মু।

কাঠুয়ার এসএসপি সুলেমান চৌধুরি বলেছেন, 'নির্যাতিতার পরিবার কাঠুয়া ছেড়ে চলে গিয়েছে। প্রতিবছর গ্রীষ্মকালে তাঁরা উঁচু পাহাড়ের তৃণভূমিতে পশুদের চরাতে নিয়ে যান। কেউ তাঁদের বাড়ি ছাড়তে বাধ্য করেনি।' তবে পাহাড়ে যাওয়ার আগে সিবিআই তদন্তের প্রস্তাব খারিজ করে দিয়েছেন নির্যাতিতার বাবা। তিনি জানান, 'আমরা সিবিআই তদন্ত চাই না। কাশ্মীর পুলিশের তদন্তের উপর আমাদের ভরসা রয়েছে। যারা নির্যাতিতাকে খুন করেছে তাদের মৃত্যুদণ্ড চাইছি। আমার মেয়ে ধর্মের ভেদাভেদ জানত না। এই ঘটনার সঙ্গে ধর্মকে গুলিয়ে ফেলা উচিত হবে না।'

এনকাউন্টার থেকে বাঁচতে 'পরামর্শ' পুলিশের

লখনউ, ১৫ এপ্রিল ঃ যোগী জমানায় উত্তরপ্রদেশকে অপরাধমুক্ত করার জন্য রাজ্যজুড়ে পুলিশের এনকাউন্টার অভিযান শুরু হয়েছে। মানবাধিকার সংগঠনগুলির আপত্তি সত্ত্বেও উত্তরপ্রদেশ পুলিশের এনকাউন্টার স্কোয়াডের দাপট এখনও অব্যাহত। এবার এক ব্লকের প্রাক্তন আধিকারিককে এনকাউন্টার থেকে বাঁচার পরামর্শ দিতে গিয়ে অস্বস্তির মুখে পড়ে উত্তরপ্রদেশ পুলিশ। একটি অডিয়ো ক্লিপে জানা যায়, মৌনরানিপুর থানার আধিকারিক সুনীত কুমার সিং প্রাক্তন ব্লক আধিকারিক লেখরাজ সিং যাদবকে এনকাউন্টার থেকে বাঁচার জন্য স্থানীয় বিজেপি নেতাদের কাছে আশ্রয় নেওয়ার পরামর্শ দেন। ওই অডিয়ো ক্লিপটি ইতিমধ্যে ভাইরাল হয়ে গিয়েছে। তাতে শোনা গিয়েছে, লেখরাজকে সুনীত কুমার সিং বলেছেন, 'এনকাউন্টারের পর্ব চলছে। আপনার মোবাইল নম্বরের উপর নজরদারি চালানো হচ্ছে। খুব শীঘ্রই আপনি খুন হবেন। আমার মতে, আপনি জেলা বিজেপি সভাপতি সঞ্জয় দুবে এবং বাবিনার বিজেপি বিধায়ক রাজীব সিং পারিচার সঙ্গে যোগাযোগ করুন। ওঁরাই একমাত্র আপনাকে কিছুটা স্বস্তি দিতে পারেন। না হলে অনেক কিছুই ঘটতে পারে।' লেখরাজের বিরুদ্ধে ৭০টিরও বেশি মামলা রয়েছে। বর্তমানে তিনি জামিনে মুক্ত। লেখরাজকে রীতিমতো 'সমঝে' দিয়ে মৌনরানিপুর থানার ওই আধিকারিক বলেন, 'আমরা সবথেকে বড়ো অপরাধী। আমি অনেক লোককে খুন করেছি এবং তাদের সরিয়ে ফেলেছি। আপনি একজন ভালো মানুষ। ভগবান আপনার সঙ্গে আছে। কিন্তু আমার অতীত খুব খারাপ। তবে ভবিষ্যৎ খুব উজ্জ্বল।' উত্তরপ্রদেশ পুলিশের এক আধিকারিকের মুখে এহেন কথাবার্তা শুনে বিপাকে পড়েছেন রাজ্যের শীর্ষ পুলিশকর্তারা। ঝাঁসির এসএসপি বিনোদ কুমার সিং ইতিমধ্যেই এই ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, একজন অপরাধীর সঙ্গে এক পুলিশ আধিকারিকের এভাবে দর কষাকষির ঘটনা অত্যন্ত গুরুতর বিষয়। আমরা ওই আধিকারিককে সাসপেন্ড করেছি। লেখরাজের সঙ্গে ফোনে 'ঠান্ডা গলায় হুমকি' দেওয়ার পর সুনীতের নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী তাঁর আস্তানায় হানা দেয়। পুলিশ দেখতে পেয়ে লেখরাজ এবং তার দলবল গুলি চালায় এবং সেখান থেকে পালিয়ে যায়। তাদের বিরুদ্ধে খুনের চেষ্টার অভিযোগে মামলা রুজু করা হয়েছে। গত একবছরে উত্তরপ্রদেশে প্রায় ১২০০ এনকাউন্টারের ঘটনা ঘটেছে। তাতে ৩৪ জন কুখ্যাত দুষ্কৃতী নিহত হয়েছে।

উন্নাও ধর্ষণ কাণ্ড

অভিযুক্ত কুলদীপের পালটা দাবি

লখনউ, ১৫ এপ্রিল ঃ উন্নাও ধর্ষণ কাণ্ডে প্রধান অভিযুক্ত বিজেপি বিধায়ক কুলদীপ সিং সেনগার তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগের পালটা হিসেবে দাবি করেছেন, ঘটনার সময় তিনি উন্নাওয়ে ছিলেনই না। তিনি তখন ছিলেন কানপুরে। তাঁর দাবির সত্যতা খতিয়ে দেখতে ওইদিনের ভিডিয়ো ফুটেজ খতিয়ে দেখতে বলেছেন সিবিআই–কে। ২০১৭–র ৪ জুন উন্নাও ধর্ষণ কাণ্ড ঘটেছিল। গত কয়েকদিন ধরে কুলদীপকে জিজ্ঞাসাবাদ চালিয়ে যাচ্ছেন সিবিআই গোয়েন্দারা। জিজ্ঞাসাবাদ চলাকালীনই বিজেপি বিধায়কের দাবি, ১৭ বছরের তরুণী যেদিন ধর্ষিত হয়েছিল সেদিন তিনি কানপুরে ছিলেন। জেরার সময় কুলদীপ বলেছেন, 'তাঁর সুরক্ষার দায়িত্বে থাকা পুলিশের কাছে সেদিনের ভিডিয়ো ফুটেজ রয়েছে। তা সংগ্রহ করলে বিষয়টি প্রমাণিত হবে। তাঁর সেলফোনে তোলা ছবিও খতিয়ে দেখতে পারেন সিবিআইয়ের গোয়েন্দারা।' গত বছর ৪ জুন তিনি কানপুরের নৌবাস্তা অঞ্চলে ছিলেন বলে জানিয়েছেন কুলদীপ। উন্নাও কাণ্ডে শুধু কুলদীপ নয়, শশী সিং নামে এক মহিলাকেও গ্রেফতার করেছে সিবিআই। ধর্ষিতার মায়ের অভিযোগ, ওই মহিলাই তাঁর মেয়েকে চাকরির প্রলোভন দেখিয়ে কুলদীপের বাড়িতে নিয়ে গিয়েছিল এবং ধর্ষণের সময় দরজায় পাহারা দিচ্ছিল। সেদিনের ওই ঘটনার পর তাঁর মেয়েকে ফের ধর্ষণ করে বিধায়কের ভাই ও তার শাগরেদরা। অন্যদিকে, উন্নাওয়ে অন্য একটি ধর্ষণের ঘটনায় এক কাউন্সিলারের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন এক মহিলা। তাঁর স্বামীর অভিযোগ, সমাজবাদী পার্টির ওই কাউন্সিলার অত্যন্ত প্রভাবশালী। ঘটনার দু–মাস পরে অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযুক্ত গ্রেফতার হয়নি।

নিখোঁজ ভারতীয় বংশোদ্ভূত পরিবার

ক্যালিফোর্নিয়া, ১৫ এপ্রিল ঃ আমেরিকার ক্যালিফোর্নিয়া শহর থেকে নিখোঁজ ভারতীয় বংশোদ্ভূত এক পরিবার। পুলিশ জানায়, গুজরাটের সুরাট শহরের বাসিন্দা সন্দীপ থোট্টাপিল্লি গত ১৫ বছর ধরে আমেরিকায় রয়েছেন। গত ৫ অক্টোবর তিনি স্ত্রী এবং দুই সন্তানকে নিয়ে পোর্টল্যান্ড থেকে দক্ষিণ ক্যালিফোর্নিয়া বেড়াতে গিয়েছিলেন। তারপর আর তাঁদের খোঁজ মেলেনি। যদিও কোথা থেকে, কীভাবে এঁরা নিখোঁজ হয়েছেন তা স্পষ্ট নয়। তবে সম্প্রতি উত্তর ক্যালিফোর্নিয়ার ইল নদী থেকে এক মহিলার দেহ উদ্ধার হয়েছে। যদিও ওই মহিলা সন্দীপের স্ত্রী কিনা তা এখনও জানা যায়নি। তদন্ত শুরু করেছে ক্যালিফোর্নিয়া পুলিশ।

গুরুগ্রাম গণধর্ষণে গ্রেফতার ২

গুরুগ্রাম, ১৫ এপ্রিল ঃ উন্নাও, কাঠুয়া ধর্ষণ কাণ্ডে অপরাধীদের কড়া শাস্তির দাবিতে সরব হয়েছে দেশবাসী। এর মধ্যেই গুরুগ্রাম গণধর্ষণকাণ্ডে অভিযুক্ত 'ফেসবুক–বন্ধু' সহ ২ জনকে রবিবার গ্রেফতার করেছে পুলিশ। আর একজন পলাতক হলেও শীঘ্রই ধরা পড়বে বলে আশাবাদী হরিয়ানা পুলিশ।

45 বছরের অভিজ্ঞ, ভারতের সর্বশ্রেষ্ঠ যৌন রোগ বিশেষজ্ঞ ডাক্তার ও India No.1 SEX ঔষধ সঠিক মূল্যে
সহবাসে অক্ষমতা, শীঘ্র পতন স্বপ্নদোষ, ধাতু পাতলা, ক্ষুদ্র লিঙ্গ
Seal Pack ও MRP দেখে ঔষধ নিন
প্রথম দিন থেকে কাজ করে
600 ও 1200 টাকায় ফুল কোর্স
100% গ্যারান্টি রেজাল্ট, বিফলে মূল্য ফেরত
76 বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মতো
American HQ- লিঙ্গবর্ধক যন্ত্র ও জার্মান তেল ব্যবহারে লিঙ্গ 6"-11" লম্বা 2"-3" মোটা, শক্তিশালী ও দৃঢ় হয়। সেক্স টাইম 30-60 মিনিট বাড়ে।
আস্থা আয়ুর্বেদ ™
শিলিগুড়ি জংশনের বিপরীতে, দিল্লী হোটেলের পাশে
9564639095, 9933719295

Dr. A.K Mahato MD
Dr. A. Adhya
Dr. V. Saha
Dr. G. Roy
No 1 SEX চিকিৎসা
সঠিক উপাদানের ও গুনসম্পন্ন হার্বাল-হোমিও ঔষধ একমাত্র আমাদের ডাক্তার বাবুরাই তৈরী করে দিয়ে থাকেন-রোগীর বয়স-ওজন-প্রকৃতি বিচার করে।
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, ক্ষুদ্রলিঙ্গ ধাতু পাতলা, শীঘ্রপতন 100% গ্যারান্টী সুচিকিৎসা
প্রথম দিন থেকেই কাজ শুরু 600/- 1200/- পুরো কোর্স
৭৫ বছরেও ভরপুর যৌবন শক্তি-সেই আগের মত
AMERICAN MEGA 3XL লিঙ্গ বর্ধক যন্ত্র ও তেল যা ব্যবহারে লিঙ্গ 7-10 ইঞ্চি লম্বা, মোটা ও শক্তিশালী হয় সেক্স টাইম 30-40 মি. বাড়ে
No side Effect
আনন্দ হার্বাল ™
শিলিগুড়িঃহিলকার্ট রোড, SBI বিল্ডিং-এর পাশে
81588-17822

No 1 বিশ্বস্ত, 30 বছরের অভিজ্ঞ-কোলকাতার সর্বশ্রেষ্ঠ যৌন রোগ বিশেষজ্ঞ ডাক্তার SEAL PACK ও MRP সহ সেরা গুনমানের SEX ঔষধ
সাবধান-খোলা এবং বানিয়ে দেওয়া ঔষধ মানেই - ভুয়ো হার্বাল
সহবাসে অক্ষমতা, স্বপ্নদোষ, শীঘ্র পতন, ধাতু পাতলা, ক্ষুদ্র লিঙ্গ
550 ও 1100 টাকায় ফুল কোর্স
প্রথম দিন থেকে দারুন কাজ
100% গ্যারান্টি সর্বোত্তম চিকিৎসা
বয়স 60 হোক বা 70, পরিপূর্ণ যৌন শক্তি - 27 এর মত
AMERICAN Vite লিঙ্গবর্ধক যন্ত্র ও তেল ব্যবহারে লিঙ্গ 6"-11" লম্বা ও সেক্স টাইম 40-60 মিনিট বাড়ে।
উত্তরবঙ্গ আয়ুর্বেদ
শিলিগুড়ি সেবক রোড, ঘড়ি টাওয়ারের পাশে
M : 9733103868

সব বিজ্ঞাপন দেখুন, তারপর সঠিক সিদ্ধান্ত নিন।
চিকিৎসা করাতে হলে
ডাক্তারের নাম দেখে চিকিৎসা করান
সুচিকিৎসার জন্য ভেলোর, চেন্নাই বা কলকাতাতে ছুটতে হবে না
এখন কোচবিহারে ভারত বিখ্যাত আয়ুর্বেদ বিশেষজ্ঞ
"সিনিয়র আয়ুর্বেদিক মেডিক্যাল অফিসার"
ডাঃ সুপ্রকাশ কুন্ডু
১৮ বছর ধরে লক্ষাধিক রোগী উপকৃত
নার্ভের দুর্বলতা, কিডনি, লিভার, বাত, সোরাইসিস, শ্বেতী ও অনান্য চর্মরোগ, অর্শ, চুল, পেটের রোগ, হাঁপানি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব, শীঘ্রপতন, লিঙ্গ শিথিলতা/ক্ষুদ্রতা সহ যে কোনো
যৌন সমস্যার ১০০% সুচিকিৎসা
স্থান : আত্রেয় আয়ুর্বেদ
তেঁতুলতলা মোড়, বিশ্বসিংহ রোড, কোচবিহার
☎ 98324 40355 / 03582 226995
ফোনে যোগাযোগ করে আসুন

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ ঃ দীর্ঘদিনের কোনো স্বপ্নপূরণ হবে। হঠাৎ নতুন কর্মক্ষেত্রে যোগদান করার সিদ্ধান্ত নিতে পারেন। সন্তানের কৃতিত্বে তৃপ্তি। **বৃষ** ঃ ব্যবসায় নতুন পরিকল্পনা গ্রহণ। শরীর সমস্যা তৈরি করবে। নিজের ওপর বিশ্বাস রাখুন। ভ্রাতৃবিবাদের অবসানে খুশি। **মিথুন** ঃ নতুন গৃহ লাভ। ব্যবসায় বাড়তি লগ্নিতে রাশ টানুন। ভাইবোনের সঙ্গে মহানন্দে কাটবে আজ। কর্মক্ষেত্রে বদলির সংবাদ। **কর্কট** ঃ সামান্য কারণে মেজাজ হারাতে পারেন। প্রেমের সঙ্গীকে সময় না দিলে সমস্যায় পড়বেন। রাস্তায় সতর্ক চলাফেরা করুন। নেত্রপীড়া। **সিংহ** ঃ ক্রীড়াজগতের ব্যক্তিগণ উল্লেখ্যোগ্য সুযোগ পাবেন। বাবা ও মা–র পরামর্শ মেনে নিলে সমস্যা মুক্তি হবে। মূল্যবান দ্রব্য হারাতে পারে। **কন্যা** ঃ প্রতিবেশীর সঙ্গে বিবাদে মানসিক শান্তি নষ্ট হতে পারে। সংসারে নতুন সদস্যের আগমনে আনন্দ। নেত্রপীড়া। মূল্যবান উপহার প্রাপ্তি। **তুলা** ঃ নতুন কোনো ব্যবসার চিন্তা। সামান্য অলসতায় হাতছাড়া হয়ে যাবে বড়ো সুযোগ। বিদ্যার্থীরা সফল হবেন। আবেগে অপব্যয়। **বৃশ্চিক** ঃ দীর্ঘস্থায়ী কোনো রোগ থেকে মুক্তিলাভ। ভ্রমণে বের হয়ে নতুন সম্পর্ক। বাবার পরামর্শ মেনে দাম্পত্যের সমস্যা কাটবে। **ধনু** ঃ ব্যবসায় অর্থাগমে সমস্যা নেই। বাবা ও মায়ের সঙ্গে সময় কাটিয়ে সুখভোগ। অসাধু ব্যক্তির সঙ্গে মিশে সমস্যা। কর্মক্ষেত্রে জনপ্রিয়তা বৃদ্ধি। **মকর** ঃ সামান্য বিনিয়োগে তৃপ্ত থাকুন ব্যবসায়। দূরের কোনো স্থানে যেতে হতে পারে অফিসের প্রয়োজনে। সম্পত্তি নিয়ে বিবাদের মীমাংসা হবে। **কুম্ভ** ঃ প্রেমের সঙ্গীকে ভুল বুঝে খেসারত দিতে হবে। পথ দুর্ঘটনায় রক্তপাতের আশঙ্কা। রাজনীতির ব্যক্তি হলে দায়িত্ব বৃদ্ধি হবে। দন্তপীড়া। **মীন** ঃ অতি ভোগেচ্ছায় সমস্যা। ঋণ শোধ করার চেষ্টা করুন। অপ্রিয় সত্য বলে অনেকের বিরাগভাজন হবেন। উপহার প্রাপ্তি।

দিনপঞ্জি

গুপ্তপ্রেস ডাইরেক্টরি পঞ্জিকা মতে আজ সোমবার ইং ১৬ এপ্রিল ২ বৈশাখ, অঃ ৫।৫৪। সোমবার, অমাবস্যা দিবা ৭।২৩। অশ্বিনীনক্ষত্র রাত্রি ৩।৫৩। বিষ্কুম্ভযোগ রাত্রি ১১।২৯। নাগকরণ দিবা ৭।২৩ গতে কিস্তুঘ্নকরণ রাত্রি ৬।৫৪ গতে ববকরণ। জন্মে–মেষরাশি ক্ষত্রিয়বর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ দেবগণ অষ্টোত্তরী শুক্রের ও বিংশোত্তরী কেতুর দশা, রাত্রি ৩।৫৩ গতে নরগণ বিংশোত্তরী শুক্রের দশা। মৃতে দোষ নাই। ঈশানে যোগিনী, দিবা ৭।২৩ গতে পূর্ব্বে। কালবেলা ৬।৫৫ গতে ৮।২৯ মধ্যে ও ২।৪৬ গতে ৪।২০ মধ্যে। কালরাত্রি ১০।১২ গতে ১১।৩৮ মধ্যে। যাত্রা শুভ পূর্ব্বে দক্ষিণে ঈশানে ও বায়ুকোণে নিষেধ, দিবা ৬।৫৫ গতে মাত্র দক্ষিণে নিষেধ, রাত্রি ৩।৫৩ গতে যাত্রা নাই। শুভকর্ম–দিবা ৭।২৩ মধ্যে দীক্ষা, দিবা ৮।২৯ গতে গাত্রহরিদ্রা অব্যূঢ়ান্ন নামকরণ নবশয্যাসনাদ্যুপভোগ দেবতাগঠন ক্রয়বাণিজ্য। বিবিধ–প্রতিপদের একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমাবস্যার ব্রতোপবাস। ভারতবর্ষের ভূতপূর্ব্ব রাষ্ট্রপতি ডঃ সর্বোপল্লী রাধাকৃষ্ণানের তিরোধান দিবস, স্বাধীনতা সংগ্রামী উল্লাসকর দত্তের জন্মদিবস ও শ্রীঅদ্বৈত মল্লবর্মনের প্রয়াণ দিবস। অমৃতযোগ–দিবা ৬।৫১ মধ্যে ও ১০।১৭ গতে ১২।৫১ মধ্যে এবং রাত্রি ৬।৪৪ গতে ৮।৫৮ মধ্যে ও ১১।১১ গতে ২।১০ মধ্যে। মাহেন্দ্রযোগ–দিবা ৩।২৫ গতে ৫।৮ মধ্যে।

অতৃপ্ত দাম্পত্য ... হতাশা
স্বল্প খরচে, অল্প সময়ে অত্যাধুনিক উপায়ে অভিজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা করা হয়।
যৌন অক্ষমতা দাম্পত্য জীবনে এক চরম ব্যর্থতা
যৌন সমস্যা
লিঙ্গ শিথিলতা
সহবাসে অক্ষমতা
শীঘ্রপতন
কস্তুরী হারবাল
AN ISO - 9001-2008
Super Speciality Herbal Treatment Centre
কোচবিহার
ফোন ঃ 78650-86419